বারাদীতে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মসজিদে মসজিদে দোয়া মাহফিল

স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতন ঘটাতে অংশ গ্রহণকৃত বীর শহীদদের আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কামনায় মসজিদে মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের সকল মসজিদে জুম্মা বাদ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

একনায়কতন্ত্রী মনোভাবে দেশ পরিচালনা, জুলুম নির্যাতন ও শেখ হাসিনার স্বৈরাচারী রাষ্ট্র পরিচালনা এবং কোটা সংস্কারের বিরুদ্ধে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে দেশের হাজার হাজার শিক্ষার্থী অংশ গ্রহণ করেন। তাতে জুলুম বাজ সরকারের মদদপুষ্ট পুলিশ বাহিনীর হাতে নির্বিচারে নিহত হন আন্দোলনকারী শিক্ষার্থী ও সাধারণ মানুষ।

দেশকে দ্বিতীয়বারের মতো স্বাধীন করতে যেসকল বীর সৈনিকেরা অকাতরে প্রাণ বিসর্জন দিয়েছেন সেই সকল বীর শহীদদের আত্মার মাগফেরাত, আহত অবস্থায় চিকিৎসাধীন সকলের আশু রোগমুক্তি কামনা ও সদ্য স্বাধীনতা প্রাপ্ত দেশের মঙ্গল কামনায় দোয়া করা হয়।